

## আমিতো তোমাকে চাইনা... দিলরংবা শাহানা

বিষন্ন মুখ হাঁটুতে,  
পাশে ছেঁড়া তার গীটার।  
কে ছিঁড়লো ওর গীটারের তার?  
বল, কে সে নিষ্ঠুর?  
‘যার নাম আমি  
হ্যা, আমিই অমর করতে চাই  
গীটারের সুরে সেই।  
কবিতায় যেমন ‘বনলতা’,  
ছবিতে যেমন ‘মোনালিসা’,  
তেমনি অমরত্ব চেয়েছি দিতে  
নামকে তার সুরে আর সঙ্গীতে।’  
কেন সে চায়নি তা নিতে?  
‘সে আবেগে ভেসে আসা  
শিশুর মাঝে বাঁচতে চায়।  
আমি তার আত্মা ছুঁতে চাই  
সে হাত বাড়িয়ে দেয়।’  
‘ণ’ ছিল কি সে নামে?  
সে কি ‘লিয়ানা’ নাকি ‘ইরিনা’  
‘অন্তরা’ নাকি ‘আমিরা’?  
তুমি কি ‘ণ’ চাও শিল্পী?  
তবে আমার নাম  
আমি তোমাকে দিলাম।  
লিখে রাখ,  
এ নামে একচন্দ্ৰ  
অধিকার তোমার।  
দূরে তাকিয়ে হেসেছিল শিল্পী।  
হাসিটি ওর বলেছিল, ‘আমিতো তোমাকে চাইনা ‘--না’।’

